# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১২৭

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫০. জুমুআর ফরযের পরে সুন্নত নামায আদায় সম্পর্কে।

باب الصَّلاَةِ بَعْدَ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدٍ، وَسُلَيْمَانُ بْنُ دَاوُدَ، ـ الْمَعْنَى ـ قَالاَ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، حَدَّثَنَا أَيُّوبُ، عَنْ نَافِعٍ، أَنَّ ابْنَ عُمَرَ، رَأَى رَجُلاً يُصَلِّي رَكْعَتَيْنِ يَوْمَ الْجُمُعَةِ فِي مَقَامِهِ فَدَفَعَهُ وَقَالَ أَتُصَلِّي الْجُمُعَةَ أَرْبَعًا وَكَانَ عَبْدُ اللَّهِ يُصَلِّي يَوْمَ الْجُمُعَةِ رَكْعَتَيْنِ فِي بَيْتِهِ وَيَقُولُ هَكَذَا فَعَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم .

বাংলা

১১২৭. মুহাম্মদ ইবনে উবায়েদ (রহঃ) .... নাফে (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ইবনে উমর (রাঃ) কোন এক ব্যক্তিকে জুমার নামায আদায়ের পর স্বীয় স্থানে দাঁড়িয়ে দুই রাকাত নফল নামায আদায় করতে দেখেন। তিনি তাকে উক্ত স্থান হতে সরে যেতে নির্দেশ দিয়ে বলেন, তুমি কি জুমার নামায চার রাকাত আদায় করবে? আব্দুল্লাহ (রাঃ) জুমার দিনে (জুমার নামায আদায়ের পর) নিজের ঘরে দুই রাকাত নফল নামায আদায় করতেন। তিনি বলতেন, রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরূপ করতেন।

## English

Nafi' said:
Ibn 'Umar saw a man praying two rak'ahs after the Friday prayer on the same place (where he offered the Friday prayer). He pushed him and said: Do you offer four rak'ahs of Friday prayer ? 'Abd Allah (b. 'Umar) used to pray two rak'ahs in his house after the Friday prayer, and he used to say: This is how the Messenger of Allah (ﷺ) did.

ফুটনোট

নাসায়ী (অধ্যায়ঃ জুমু'আহ, হাঃ১৪২৮), আহমাদ (২/১০৩, হাঃ ৫৮০৭) শায়খ আহমাদ শাকির বলেনঃ এর সানাদ

সহীহ। ইবনু খুযাইমাহ (হাঃ ১৮৩৬) সকলে আইয়ুব হতে তিনি নাফি' হতে ইবনু 'উমার সূত্রে।

সহীহঃ বুখারী ও মুসলিম, তার থেকে মারফুভাবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ নাফি‘ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=31104

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন